

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ সপ্তম অধ্যায় - যীশু ও প্রেরিতগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৭. ১. ১৬. ঈশ্বরের বিধান লজ্মন না ঈশ্বরের পরিবর্তন?

ইঞ্জিলগুলোর বর্ণনায় যীশু বাইবেল ঘোষিত অনেক চিরন্তন ঐশ্বরিক বিধান লজ্যন করেছেন। যীশু যদি মানুষ হন তবে ঐশ্বরিক বিধান লজ্যন করে তিনি মহাপাপ করেছেন। আর যদি তিনি ঈশ্বর হন তবে ঐশ্বরিক বিধান লজ্যন প্রমাণ করে যে ঈশ্বর মত পরিবর্তন করেন, অথচ বাইবেল বলছে যে, ঈশ্বর মত পরিবর্তন করেন না।

বাইবেলের অন্যতম বিধান খাদ্য বিষয়ক বিধান। বাইবেলে অনেক খাদ্য অপবিত্র ঘোষণা করা হয়েছে। যীশু এ বিধান লজ্ঘন করে বলেছেন, মুখ দিয়ে যা পেটে যায় তা মানুষকে অপবিত্র করে না; বরং পেট থেকে যা বের হয় তা-ই মানুষকে অপবিত্র করে (মার্ক ৭/১৫)। শনিবার পালন বাইবেলের চিরন্তন বিধানগুলোর অন্যতম। কিন্তু যীশু তা লজ্ঘন করে কর্ম করেন ও একজনকে শনিবারে কর্ম করতে নির্দেশ দেন (যোহন ৫/৮-১১, ৯/১৬ ও লূক ১৩/১০-১৬)। তিনি ইচ্ছা করলে এ কর্ম পরদিন করতে ও করাতে পারতেন। ব্যভিচারীকে দ- দেওয়া বাইবেলের নির্দেশ। কিন্তু যীশু এ নির্দেশ লজ্ঘন করেন ( যোহন ৮/৪-১১)।

এভাবে যীশু বিভিন্ন স্থানে চিরন্তন ঐশ্বরিক বিধান লজ্যন করেছেন। বাইবেলের বিভিন্ন স্থানে যীশুকে মানুষ, মানব সন্তান ও আল্লাহর দাস বলা হয়েছে। এ বর্ণনাকে গ্রহণ করলে যীশু মহাপাপে লিপ্ত হয়েছেন। এর বিপরীতে বাইবেলে বলা হয়েছে যে, যীশু ঈশ্বরের পুত্র ছিলেন এবং পিতা ও পুত্র এক ছিলেন। খ্রিষ্টধর্মীয় বিশ্বাস অনুসারে যীশুই পুরাতন নিয়মের ঈশ্বর। এ বিশ্বাস অনুসারে ঈশ্বর হিসেবে যীশু নিজের কথাকে মিথ্যা প্রমাণ করলেন: "আমি সদাপ্রভু, আমার পরিবর্তন নাই" (মালাখি ৩/৬)।

অনেক খ্রিষ্টান সম্প্রদায়ের বিশ্বাসে যীশুর মধ্যে মানবত্ব ও ঈশ্বরত্ব উভয় বিষয়ই বিদ্যমান ছিল। এ বিশ্বাস অনুসারে যীশু উভয় প্রকার অন্যায়ে লিপ্ত হয়েছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14364

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন